ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং-২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

স্মারক নং-৪৬.১০.০০০০.০১৭.২৬.৭৩০.১৮-১৫৫

তারিখঃ ০৯ বৈশাখ ১৪৩২
২২ এপ্রিল ২০২৬

## জ্বালানী সরবরাহের আবেদন আহবান সংক্রান্ত বিজ্ঞপ্তি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল যান-যন্ত্রপাতিতে সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে ০১(এক) বছরের জন্য নিম্নবর্ণিত জ্বালানী সরবরাহ প্রদানের জন্য আগ্রহী ফুয়েল ফিলিং স্টেশন মালিক/প্রতিষ্ঠানের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে:

| জ্বালানীর প্রকৃতি | ফিলিং স্টেশনের অবস্থান |
|---|---|
| ডিজেল, পেট্রোল, অকটেন ও সিএনজি | গাবতলী/মহাখালী |

**(ক) ফুয়েল/ফিলিং স্টেশন নির্বাচনের যোগ্যতা ও মানদণ্ড:**

(১) নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে প্রাথমিকভাবে ০১ (এক) বছরের জন্য জ্বালানী সরবরাহ চুক্তি সম্পাদন করা হবে। সন্তোষজনক কার্যসম্পাদন ও কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পরবর্তী আরও ০১ (এক) বছর চুক্তির মেয়াদ নবায়ন করা যাবে।

(২) আগ্রহী আবেদনকারীকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের চাহিদা অনুযায়ী ডিজেল, পেট্রোল, অকটেন ও সিএনজি সরবরাহে সক্ষম হতে হবে। পরিবহন বিভাগ কর্তৃক সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে উক্ত সক্ষমতা যাচাই করা হবে।

(৩) আবেদনকারীর পদ্মা, মেঘনা অথবা যমুনা পেট্রোলিয়াম কোম্পানি হতে বিগত ০১ (এক) বছরের জ্বালানী উত্তোলনের (Lifting) পরিমাণ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বাৎসরিক চাহিদার সমপরিমাণ অথবা তদূর্ধ্ব হতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট পেট্রোলিয়াম কোম্পানির প্রত্যয়নপত্র বা প্রমাণপত্র দাখিল করতে হবে।

(৪) আবেদনকারীকে অবশ্যই নিজস্ব মালিকানাধীন ফুয়েল/ফিলিং স্টেশনের মালিক হতে হবে। ভাড়াকৃত, ইজারাকৃত বা লীজকৃত ফুয়েল/ফিলিং স্টেশন আবেদন করার জন্য অযোগ্য বিবেচিত হবে।

(৫) আবেদনকারীর ফুয়েল/ফিলিং স্টেশন গাবতলী, মহাখালী অথবা কর্পোরেশনের কার্যক্রম অনুযায়ী নির্ধারিত উপযুক্ত এলাকায় অবস্থিত হতে হবে।

(৬) ফুয়েল/ফিলিং স্টেশনে পর্যাপ্ত সংখ্যক ডিজেল, পেট্রোল, অকটেন ও সিএনজি ডিসপেনসিং মেশিন, নজেল ও সংরক্ষণ সুবিধা থাকতে হবে, যাতে একই সময়ে একাধিক যানবাহনে জ্বালানী সরবরাহ করা যায়।

(৭) সরকারি, আধা-সরকারি অথবা স্বায়ত্তশাসিত ন্যূনতম ০২ (দুই) টি প্রতিষ্ঠানে কমপক্ষে ০৩ (তিন) বছরের জ্বালানী সরবরাহের অভিজ্ঞতা থাকতে হবে এবং সংশ্লিষ্ট অভিজ্ঞতা সনদ দাখিল করতে হবে।

(৮) আবেদনকারীকে কমপক্ষে ৩ (তিন) কোটি টাকার শর্তহীন ব্যাংক সলভেন্সি সনদ দাখিল করতে হবে।

(৯) আবেদনকারীর বিরুদ্ধে কোনো সরকারি প্রতিষ্ঠানে নিম্নমানের, ভেজাল বা কম পরিমাণ জ্বালানী সরবরাহের অভিযোগ বা কালো তালিকাভুক্তির ইতিহাস থাকা যাবে না।

**(খ) আবেদনের সাথে দাখিলযোগ্য কাগজপত্র:** আগ্রহী আবেদনকারীকে নিম্নলিখিত কাগজপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে:

(১) প্রতিষ্ঠানের মালিকানার কাগজপত্র (২) ফুয়েল/ফিলিং স্টেশন স্থাপন ও পরিচালনার সরকারি অনুমোদনপত্র (৩) হালনাগাদ ট্রেড লাইসেন্স। (৪) আয়কর সনদ ও টিআইএন (৫) ভ্যাট নিবন্ধন সনদ (৬) পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র (৭) বিস্ফোরক অধিদপ্তরের অনুমোদনপত্র/সনদ। (৮) গত ০৩ (তিন) বছরের অডিট রিপোর্ট (৯) প্রতিষ্ঠান মালিকের জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্ব সনদ (১০) পেট্রোলিয়াম কোম্পানি হতে জ্বালানী উত্তোলনের প্রমাণপত্র (১১) সরকারি/আধা-সরকারি প্রতিষ্ঠানে জ্বালানী সরবরাহের অভিজ্ঞতা সনদ (১২) ব্যাংক সলভেন্সি সনদ (১৩) আবেদনকারীর পূর্ণ ঠিকানা, মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা এবং ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।

**(গ) জ্বালানী সরবরাহের শর্তাবলি:**

(১) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের গাড়ি ও যন্ত্রপাতিতে শুধুমাত্র কর্পোরেশন কর্তৃক ইস্যুকৃত ক্রেডিট কুপন/অনুমোদিত স্লিপের বিপরীতে জ্বালানী সরবরাহ করতে হবে। সংশ্লিষ্ট কুপনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও সীল থাকতে হবে (২) নির্বাচিত প্রতিষ্ঠানকে কমপক্ষে ০৩ (তিন) মাস পর্যন্ত ক্রেডিট সুবিধায় জ্বালানী সরবরাহের সক্ষমতা থাকতে হবে (৩) ফুয়েল/ফিলিং স্টেশনকে সর্বদা পর্যাপ্ত জ্বালানী মজুদ রাখতে হবে, যাতে কোনো অবস্থাতেই কর্পোরেশনের কার্যক্রম বিঘ্নিত না হয় (৪) কর্পোরেশনের যানবাহন ও যন্ত্রপাতিকে জ্বালানী সরবরাহের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে (৫) ভেজাল, নিম্নমানের অথবা পরিমাণে কম জ্বালানী সরবরাহের প্রমাণ পাওয়া গেলে চুক্তি বাতিলসহ প্রচলিত বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে (৬) সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিজ ব্যয়ে সংশ্লিষ্ট পেট্রোলিয়াম কোম্পানির মাধ্যমে বছরে ন্যূনতম ০১ (এক) বার ফুয়েল/ফিলিং স্টেশন সার্ভে করাতে হবে এবং তার প্রতিবেদন কর্পোরেশনে দাখিল করতে হবে (৭) ফুয়েল/ফিলিং স্টেশনে পর্যাপ্ত নিরাপত্তা কর্মী, সিসিটিভি ব্যবস্থা এবং প্রয়োজনীয় অগ্নি নির্বাপক যন্ত্র থাকতে হবে (৮) সরবরাহকৃত জ্বালানীর বিল সরকার নির্ধারিত দরে প্রস্তুত করে পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে মহাব্যবস্থাপক (পরিবহন) বরাবর দাখিল করতে হবে (৯) প্রয়োজনে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এক বা একাধিক ফুয়েল/ফিলিং স্টেশনের সাথে পৃথক পৃথক চুক্তি সম্পাদন করতে পারবে এবং কোন প্রতিষ্ঠান কোন ধরনের জ্বালানী বা কোন এলাকায় সরবরাহ করবে তা পরিবহন বিভাগ নির্ধারণ করবে (১০) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন (১১) বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে ১৪.০৫.২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন যে কোনো সময়ে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা প্রদান করা যাবে।

22/04/2025

মোহাম্মদ শওকত ওসমান
মহাব্যবস্থাপক (পরিবহন)
উপসচিব
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রধান প্রকৌশলী, ডিএনসিসি।

২। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ডিএনসিসি ।

৩। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি।

৪। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১, ২, ৩ , ৪, ৫, ৬, ৭, ৮, ৯ ও ১০।

৫। প্রশাসক মহোদয়ের একান্ত সচিব (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য), ডিএনসিসি।

৬। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য), ডিএনসিসি ।

৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ডিএনসিসি।

৮। ব্যবস্থাপক (পরিবহন), ডিএনসিসি।

৯। সিস্টেম এনালিস্ট, ডিএনসিসি (বিজ্ঞপ্তিটি ডিএনসিসি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১০। জনসংযোগ কর্মকর্তা, ডিএনসিসি (বিজ্ঞপ্তিটি ১টি ইংরেজী দৈনিক পত্রিকা এবং ২টি বহুল প্রচারিত দৈনিক বাংলা পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

১১। সচিব এর ব্যক্তিগত সহকারী (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), ডিএনসিসি ।

১২। নিরাপত্তা কর্মকর্তা।

১৩। নোটিশ বোর্ড।

১৪। অফিস কপি।

২৯/০৪ 2025

মোহাম্মদ শওকত ওসমান
মহাব্যবস্থাপক (পরিবহন)
উপসচিব
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।